



স্মারক নং-৩৭.০২.০০০০.১০৪.৯৯.০০১.২০১৬.২০০৮

তারিখ : ০৯/১০/২০১৯ খ্রি.

অফিস আদেশ

সবুজবাগ সরকারি মহাবিদ্যালয়, ঢাকা-এর অধ্যক্ষ প্রফেসর ফওজিয়া (৬৩১৭) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের ১৫/০৯/২০১৯ তারিখের ৩৭.০০.০০০০.০৯০.১৯.০০৪.১৮.২১৭ সংখ্যক প্রজ্ঞাপন মোতাবেক পদায়নজনিত কারণে ১৬/০৯/২০১৯ তারিখে কলেজের দায়িত্বভার হস্তান্তর করেন এবং কলেজের জ্যেষ্ঠ শিক্ষক অর্থনীতি বিষয়ের সহযোগী অধ্যাপক জনাব মোঃ সাহাবুদ্দিন (০১৬৬৭২) ভারপ্রাপ্ত অধ্যক্ষ হিসেবে দায়িত্বভার গ্রহণ করেন। সে মোতাবেক তিনি আর্থিক ক্ষমতা প্রদানের জন্য আবেদন করেন। আবেদনের প্রেক্ষিতে কলেজের কর্মচারীদের বেতনভাতাদি ও জরুরী কার্যাদি সম্পন্ন করার লক্ষ্যে জনাব মোঃ সাহাবুদ্দিন (০১৬৬৭২)-কে দায়িত্বভার গ্রহণের তারিখ হতে সাময়িকভাবে আর্থিক ক্ষমতা প্রদান করা হলো।

২। কলেজের কার্যাদি সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য তাঁকে প্রতিষ্ঠানিক বেতন-ভাতা ও সম্মানীসহ আনুষঙ্গিক বিলসমূহে স্বাক্ষরদানের ক্ষমতা ট্রেজারী ও সাবসিডিয়ারী অফিসের এসসারও/৯২ উর্দুফয়ম-১ ধারা মোতাবেক সাময়িকভাবে প্রদান করা হলো।

৩। উল্লেখ্য যে, আর্থিক ক্ষমতায় থাকাকালীন সময়ে যে কোন প্রকার আর্থিক অনিয়মের জন্য তিনি দায়ী থাকবেন। তাঁকে নিদিষ্ট রেজিস্ট্রারে যথাযথভাবে হিসাব সংরক্ষণ করতে হবে। তিনি এর জন্য কোন দায়িত্ব ভাতা প্রাপ্য হবেন না।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

(মোহাম্মদ দেলোয়ার হোসেন-১৬৬৩৭)

সহকারী পরিচালক (কলেজ-২)

ফোন নং- ৯৫৬০২৬৩

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. পরিচালক (কলেজ ও প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
৩. অধ্যক্ষ, সবুজবাগ সরকারি মহাবিদ্যালয়, ঢাকা।
৪. উপপরিচালক (কলেজ-১), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
৫. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন, ঢাকা।
৬. জনাব মোঃ সাহাবুদ্দিন (০১৬৬৭২), সবুজবাগ সরকারি মহাবিদ্যালয়, ঢাকা।
৭. সহকারী পরিচালক (কলেজ-১, কলেজ-৪), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
৮. বিভাগীয়/জেলা/উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা
৯. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
১০. সংরক্ষণ নথি।